# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ ঃ ৩০ ডিসেম্বর, ২০১২
সময় ঃ বেলা ০১-৩০ টা
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ নভেম্বর, ২০১২ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০১২ মাসে গৃহকর বাবদ ৬১,২২,১০৮.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২,২৩,৫৫১.০০ আদায় হয়েছে। যা মোট দাবীর ১৫.০৪%। নভেম্বর, ২০১২ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায়ের হার ৩০.৯১%। ডিসেম্বর মাস নাগাদ অবশিষ্ট গৃহকরের অধিকাংশ আদায় হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ নভেম্বর, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ নভেম্বর, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ নভেম্বর, ২০১২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাস, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ও ডিওএইচএস এলাকার ব্রিডিং পয়েন্টগুলোতে নিয়মিত লার্ভিসাইড স্প্রে করাসহ ফগিং করা হচ্ছে। যার ফলে মশার উপদ্রব অনেকটা নিয়ন্ত্রণে আছে।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ব্যারিস্টার ওমর ফারুক চৌধুরী বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৩/৯/২০১২ | ইলিনা ফারুক পিতা- ব্যারিস্টার ওমর ফারুক চৌধুরী মাতা- মাহবুবা ফারুক বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | অপ্রযোজ্য। পিতা কর্তৃক ঔরসজাত কন্যাকে ডিক্লারেশ অব হেবা মূলে ৪৭ নং প্লট ও প্লটে নির্মিত ৪ তলা বাড়ী দানপত্র | জমির পরিমাণ- ৫৪৪৫ বঃ ফুঃ ৪ তলা বাড়ী বার্ষিক গৃহকর- ৪৫,০০০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৭ নং প্লট ও প্লটে নির্মিত ৪ তলা বাড়ী মালিকের ঔরসজাত কন্যা ইলিনা ফারুক, পিতা- ব্যারিস্টার ওমর ফারুক চৌধুরী, মাতা- মাহবুবা ফারুক এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#২৬, ফ্ল্যাট#২/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস মঞ্জুশ্রী সরকার, স্বামী-বিমল কান্তি সরকার বাড়ী#২৬, ফ্ল্যাট#২/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২২/১১/২০১২ | ডাঃ মোঃ আব্দুর রশিদ চৌধুরী পিতা- মরহুম এ আর চৌধুরী বাড়ী#২৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | নং- ১৩০০/১২০/৫৭/৫ তাং- ০৬/৮/২০১০ | ১২/৪/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/২৬/ ফ্ল্যাট নং-২-বি/১২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১০৯০ বঃ ফুঃ আলোচ্য বাড়ীর বাৎসরিক গৃহকর ১,১৪,৭৫০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (২) | বাড়ী#২৬, ফ্ল্যাট#৩/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস সেলিনা আক্তার, স্বামী- জনাব আখতার আনোয়ার খান, বাড়ী#২৬, ফ্ল্যাট#৩/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২২/১১/২০১২ | ডাঃ মোঃ আব্দুর রশিদ চৌধুরী পিতা- মরহুম এ আর চৌধুরী বাড়ী#২৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | নং- ১৩০০/১২০/৫৭ /৫ তাং- ০৮/৭/২০১০ | ১২/৪/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/ ২৬/ ফ্ল্যাট নং-৩-সি/১৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৯২৫ বঃ ফুঃ আলোচ্য বাড়ীর বাৎসরিক গৃহকর ১,১৪,৭৫০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (৩) | বাড়ী#২৬, ফ্ল্যাট#৪/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | লেঃ কর্ণেল লুৎফর রহমান (অবঃ), পিতা- মরহুম মোঃ ইসমাইল, বাড়ী#২৬, ফ্ল্যাট#৪/সি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২২/১১/২০১২ | ডাঃ মোঃ আব্দুর রশিদ চৌধুরী পিতা- মরহুম এ আর চৌধুরী বাড়ী#২৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | নং- ১৩০০/৩০/৩১/নিরাপত্তা তাং-২৫/২/২০১০ | ১২/৪/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/ ২৬/ ফ্ল্যাট নং-৪-সি/১১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৯২৫ বঃ ফুঃ আলোচ্য বাড়ীর বাৎসরিক গৃহকর ১,১৪,৭৫০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (৪) | বাড়ী#২৬, ফ্ল্যাট#৬/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রেহানা বেগম, স্বামী- মোঃ বরাত আলী, বাড়ী#২৬, ফ্ল্যাট#৬/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২২/১১/২০১২ | ডাঃ মোঃ আব্দুর রশিদ চৌধুরী পিতা- মরহুম এ আর চৌধুরী বাড়ী#২৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস | নং- ১৩০০/১২০/৫৭ /৫/ক তাং- ১৪/৯/২০১০ | ১২/৪/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/২৬/ ফ্ল্যাট নং-৬-বি/১১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০২৬ বঃ ফুঃ আলোচ্য বাড়ীর বাৎসরিক গৃহকর ১,১৪,৭৫০/- টাকা এবং তা জুন, ২০১১ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার পরিচালনার নিমিত্তে ডিওএইচএস পরিষদ-কে হস্তান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ১৮/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫২তম সভার আলোচ্যসূচী-১৮.২ এর সিদ্ধান্তে উক্ত কনভেনশন সেন্টারের ব্যবস্থাপনা বারিধারা ডিওএইচএস পরিষদের নিকট হস্তান্তর করার সিদ্ধান্তের আলোকে হস্তান্তর প্রক্রিয়া সম্পর্কে সভায় আলোচনা হয়। গত ২৫ ডিসেম্বর, ২০১২ তারিখে বারিধারা ডিওএইচএস পরিষদ কমিটির নির্বাচন হয়েছে এবং নব-নির্বাচিত কমিটি দায়িত্ব গ্রহণের পর বিষয়টি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার সম্মানী ভাতা বৃদ্ধিসহ চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আপাততঃ মার্চ, ২০১৩ পর্যন্ত ইতোপূর্বের অনুমোদিত হারে সম্মানী প্রদান সাপেক্ষে আইন উপদেষ্টার নিয়োগের মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত পার্ক ব্লকের ৩০ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রেতা ও বিক্রেতার উপস্থিতি নিশ্চিত করতঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত পার্ক ব্লকের ৩০ নং দোকানটি (১) জনাব মোঃ লোকমান হোসেন (২) জনাব মোঃ আবুল কলাম আজাদ, সর্বপিতা-মোঃ নুরুল হুদা মিয়া,সর্বমাতা-মজিরন বেগম এর অনুকূলে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, দোকান হস্তান্তর ফি বাবদ ১,২৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১০ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত 'এ' ব্লকের ১০৯ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রেতা ও বিক্রেতার উপস্থিতি নিশ্চিত করতঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত 'এ' ব্লকের ১০৯ নং দোকানটি জনাব এস এম আহসান হাবিব, পিতা-এ কে এম আনিসুর রহমান এর অনুকূলে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, দোকান হস্তান্তর ফি বাবদ ১,২৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত 'এ' ব্লকের ১৬৪ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রেতা ও বিক্রেতার উপস্থিতি নিশ্চিত করতঃ রজনীগন্ধা সুপার মার্কেটে সামরিক কোটায় বরাদ্দকৃত 'এ' ব্লকের ১৬৪ নং দোকানটি হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, দোকান হস্তান্তর ফি বাবদ ১,২৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১২ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এক বছর মেয়াদী ডি-৮১/৩ নং দোকান পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এক বছর মেয়াদী ডি-৮১/৩ নং দোকানটি ০৩(তিন) বছরের জন্য ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা সালামীতে পুনঃ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ১৮ অক্টোবর, ২০১২ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫২তম সভার কার্যবিবরণী উপর অগ্রগতি পর্যালোচনা।

গৃহীত সিদ্ধান্ত ঃ পরবর্তী সভায় বিস্তারিত আলোচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/রেভিনিউ শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | উইং কমান্ডার (অবঃ) গোলাম মোহাম্মদ সিকদার | ৩৭৫ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | ০৭ তলা নতুন ভবন |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন এন আই এম ফেরদৌস হোসেন | ৪২২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (৩) | এয়ার কমডোর সৈয়দ জিলানি মাহবুবুর রহমান | ৬০২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (৪) | (ক) ব্রিগেঃ জেনাঃ মোহাঃ গোলাম হোসেন সরকার<br>(খ) লেঃ কর্ণেল (অবঃ) খন্দকার মোস্ত াফিজুর রহমান | ৭৬৭<br>৭৬৬/এ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | সংশোধিত ০৭ তলা (খালি প্লট) |
| (৫) | মেজর মোঃ নজরুল ইসলাম (অবঃ) | ৮৬২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৬) | ক্যাপ্টেন আবু নসর মোহাম্মদ রেজাউল হক | ৮৮৬ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (৭) | মেজর (অবঃ) ড. খন্দকার সাইফুজ্জামান | ৯১০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (৮) | কর্ণেল মোহাম্মদ আলী (অবঃ) | ৯১২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (৯) | ব্রিগেঃ জেনাঃ জিএম কামরুল ইসলাম | ১০৬৪ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১০) | মিসেস হাসিবা আক্তার বানু গং<br>স্বামী-মৃত কর্ণেল মোঃ নবীর উদ্দিন | ১০৭০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১১) | মেজর (অবঃ) এ বি এম এনামুল হক | ১০৭২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১২) | বিএ-২২১৩ মেজর জেনাঃ শেখ মামুন খালেদ, পিএসসি | ১০৭৯ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | সংশোধিত ০৭ তলা নতুন ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১৩) | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওবায়দুর রহমান | ১১৫০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১৪) | ক্যাপ্টেন মীর এমদাদুল হক, বিএন | ১২২১ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১৫) | কর্ণেল মোঃ মাহবুবুর রহমান | ১২৫২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১৬) | কর্ণেল মোঃ সাদউল্লাহ | ১২৭৪ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৭ তলা নতুন ভবন |
| (১৭) | এয়ার কমডোর সৈয়দ ইমতিয়াজ হোসেন, এসডিইউ, পিএসসি | ৫৩১ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৬ তলার উপর ০৭ তলা (০৭ তলার ফাউন্ডেশন আছে) |
| (১৮) | (ক) লেঃ কর্ণেল হাসান রহমান রাব্বী (অবঃ)<br>(খ) গ্রুপ ক্যাপ্টেন এম হাসীব হাসান (অবঃ) | ৫৫০ ও ৫৫২ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৯) | লেঃ কর্ণেল কামাল মুসতবা আলী | ৫৭৩ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৬ তলার উপর ০৭ তলা (০৭ তলার ফাউন্ডেশন আছে) |
| (২০) | ডাঃ রোয়েনা মতিন<br>স্বামী-মরহুম লেঃ কর্ণেল ইনসাদ ইবন আমিন | ৬৫৩ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | ০৬ তলার উপর ০৭ তলা (০৭ তলার ফাউন্ডেশন আছে) |
| (২১) | আলহাজ্ব মোঃ আফজাল হোসেন | ২৬ | বানানী ডিওএইচএস | ১১/১২/২০১২ | সংশোধিত ০৭ (সাত) তলা (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২২) | গ্রুপ ক্যাপ্টেন হাসান ফারুক (অবঃ) | ১০৮ | বনানী ডিওএইচএস | ২৯/১১/২০১২ | সংশোধিত ০৭ (সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৩) | (ক) মিসেস জরনীগার চৌধুরী<br>(খ) জনাব হাসান মুনাসির চৌধুরী | ৩২০ | মহাখালী ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ (সাত) তলা (পুরাতন ৫ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২৪) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) এ এস এম হান্নান শাহ | ১২৫ | মহাখালী ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ (সাত) তলা (পুরাতন ৪ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (২৫) | জনাব মোঃ সাইফুল ইসলাম | ৪৪৬ (পশ্চিমাংশ) | মহাখালী ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২৬) | মেজর মোঃ বারেক সিকদার (অবঃ) | ১৫৯ | বারিধারা ডিওএইচএস | ১২/১২/২০১২ | সংশোধিত ০৭ (সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২৭) | আলহাজ্ব রাবেয়া খাতুন | ৫১৬/২ | বারিধারা ডিওএইচএস | ০৯/১২/২০১২ | সংশোধিত ০৭ (সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৮) | (ক) মেজর (অবঃ) আনোয়ার হোসেন<br>(খ) মোসাম্মদ আকতারা শরীফ | ৬৭/বি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ (সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২৯) | (ক) বেগম আমিনা খাতুন<br>(খ) বেগম মোমিনা খাতুন | সিবি-১০০ সিএস দাগ নং-১৩৮ (অংশ) | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | -ঐ- | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (৩০) | জনাব মোঃ আব্দুল লতিফ | সিবি-১৬৭ সিএস দাগ নং-১০৮ (অংশ) | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | -ঐ- | ০৭(সাত) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১৬ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৬ টি প্লট, ক্রমিক নং-২১ এ বর্ণিত বনানী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং-২৩, ২৪ ও ২৫ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ৩টি প্লট এবং ক্রমিক নং-২৯ ও ৩০ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ২টি প্লটসহ ২২টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো। অবশিষ্ট ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক ভেটিং বাবদ যাবতীয় খরচ প্লট মালিককে বহন করতে হবে। উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৫ঃ মিরপুর ডিওএইচএস এর ৪৫০/এ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের পক্ষে এমআইএসটি কর্তৃক প্রেরিত প্রতিবেদনে ভার্টিক্যাল এক্সটেশনের সুপারিশ না করার প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্লটের মালিক উক্ত প্লটে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের নকশা অনুমোদনের নিমিত্তে গত ০২ ডিসেম্বর, ২০১২ তারিখে পুনরায় আবেদন করেন। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট কাগজাদি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আবেদনকারীর আবেদন মোতাবেক বিষয়টি এমআইএসটি-তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | আবেদনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৬৪/এফ মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংচুনার কাজ। | ৩৩,০৬৪/- টাকা | ৩১/১০/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের স্টাফ কোয়ার্টারের নিচতলার ২টি বাসা সংস্কার ও মেরামতক কাজ। | ৭৯,৮৪৩/- টাকা | ০১/১২/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-২ ও ২৫/ডি-৩ নং বাসা রোমত ও রক্ষণাবেক্ষণ। | ৭০,৬২৩/- টাকা | ০৪/১২/২০১২<br>০৫/১২/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি-১ ও ২৫/ডি-৬ নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৮৪,৬০২/- টাকা | ২৭/৮/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/২ এর ২য় তলার উত্তর ও দক্ষিণ পার্শ্বের ২টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৮৯,৭১৮/- টাকা | ০৬/৮/২০১২<br>১৪/১০/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/২ এর ৩য় তলার দক্ষিণ পার্শ্বের ১টি বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৪১,৬৩৩/- টাকা | ২৮/৮/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৭) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৮ (২য় তলা) এর ভিতর ও ২৬/ডি নং বাসার বাহির সাইড মেরামত ও রংকরণ কাজ। | ৯৩,৮২৮/- টাকা | ১৯/৯/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৯৭/এ (নিচতলা) এর ২টি বাসা মেরামত ও রংকরণ এবং ৪৮/এ এর ৮ নং ফ্ল্যাটের ২টি দরজা মেরামত/স্থাপন কাজ। | ৩২,৯৯৬/- টাকা | ১৯/৫/২০১১<br>০৩/১২/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-৯১ এর ২য় তলা মেরামত ও রক্ষণাবেক্ষণ। | ৬৩,০৩৬/- টাকা | ০৯/১২/২০১২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১০) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ সংলগ্ন স্টাফ কোয়ার্টারের নিচতলার উপর ১ × ২ × ২ = ৪ ইউনিট বাসস্থান নির্মাণ কাজ। | ৬৮,৫৭,৩৭৫/- টাকা | | অনুদান |
| (১১) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণী কক্ষের জন্য ১০০টি ডেক্স টেবিল ও ১০০টি চেয়ার তৈরী/সরবরাহ করণ। | ৪,৬৯,২৩৯/- টাকা | | অনুদান |
| (১২) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের শ্রেণী কক্ষের জন্য কাঠের আসবাবপত্র তৈরী/সরবরাহ করণ। | ১৬,৭৪,৮৮৮/- টাকা | | অনুদান |
| (১৩) | সেনাপল্লী হাই স্কুলের বিদ্যমান ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ। | ৭০,৯১,১০৪/- টাকা | | অনুদান |
| (১৪) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) এর ভিতর সাইডে সংস্কার মেরামত ও রংকরণ কাজ। | ২,৫২,৬০৪/- টাকা | | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

| | | | | |
|---|---|---|---|---|
| (১৫) | মিরপুর ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডে ভাঙ্গা রাস্তা মেরামত ও স্ল্যাব মেরামত কাজ। | ৫১,৭২০/- টাকা | | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (১৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৮/এ নং ভবনের উত্তর পার্শ্বে এবং ৬/এ নং রোডের ড্রেন পরিষ্কার ও স্ল্যাব নির্মাণ এবং বদিউজ্জামান রোডে গেইট নির্মাণ। | ১,৭৯,৯৯০/- টাকা | | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১৭) | ডেসকো কর্তৃক খননকৃত মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৬ ও ১১ এর মেরামত ও কার্পেটিং কাজ। | ১৬,১৭,৮২৬/- টাকা | | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল/ডেসকো কর্তৃক জমাকৃত অর্থ |
| (১৮) | (ক) বনানী সামরিক কবরস্থানের অতিরিক্ত লেনসহ তৎসংলগ্ন নিচু এলাকা ভরাটকরণ। | ৪,৭০,০০০/- টাকা | | বোর্ডের স্থানীয় আয় |
| | (খ) বনানী সামরিক কবরস্থানের পূর্ব দিকে নৌ বাহিনীর সীমানা দেয়াল বরাবর ওয়াকওয়ে নির্মাণ। | ৩,৫০,০০০/- টাকা | | বোর্ডের স্থানীয় আয় |
| | (গ) আসন্ন ২৫ ফেব্রুয়ারি ও ২৬ ফেব্রুয়ারি তৎকালীন বিডিআরে শহীদ সেনা কর্মকর্তাদের স্মরণে কবরস্থানের সকল দেয়াল ও গ্রীল রংকরণ। | ১,৯০,৫০০/- টাকা | | বোর্ডের স্থানীয় আয় |
| | (ঘ) কবরস্থানে একটি নতুন টয়লেট নির্মাণসহ পুরাতন টয়লেট মেরামত ও সংস্কার কাজ। | ৩,৪৫,৯০৮/- টাকা | | বোর্ডের স্থানীয় আয় |
| (১৯) | মুসলিম মডার্ণ একাডেমীর সম্মুখে শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন দক্ষিণ পার্শ্বে ৭২০-০" × ৫ - ০" ফুটপাত নির্মাণ। | ৭,২৭,৪২১/- টাকা | | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১৪ ও ১৬ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং পানির পাম্প জেটিংকরণ কাজ। | ৩,৯৮,৫০০/- টাকা | বেঙ্গল বোরিং এন্ড ইঞ্জিঃ | ৩,৯৮,৫০০/- টাকা | অনুদান |
| (২) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেলের বহিঃস্থ পানির লাইন মেরামত কাজ। | ৫৫,০০০/-" | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫৫,০০০/- " | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | মিরপুর সেনানিবাসে ৩৭ এডিএ ইউনিট সংলগ্ন ফায়ারিং রেঞ্জের পশ্চিম পার্শ্বে ময়লাখানার জন্য সংযোগ রাস্তা নির্মাণ কাজ। | ২৩,৪৯,২৮৫/-" | মেসার্স মনির এন্ড কোং | ২৪,৬৪,৬৩৪/-" | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ নং কোয়ার্টারের নিচতলা মেরামত ও রং চুনার কাজ। | ১,৮৬,২৩৩/-" | মেসার্স আমিন ব্রাদার্স | ১,৮৬,২৩৩/-" | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৫) | শহীদ জাহাঙ্গীর গেইটের উত্তর পার্শ্বে বিএএফ শাহীন স্কুলের সম্মুখে রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৮২,৯৬০/ " | মেসার্স আজিজ কর্পোরেশন | ১,৮২,৯৬০/" | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | ১৭ মার্চ ২০১২ তারিখে (রাতে) ঝড়ে ভেঙ্গে পড়া মুসলিম মডার্ণ একাডেমীর দেয়াল (আংশিক) পুনঃনির্মাণ কাজ। | ১,৭১,২৫৩/- " | দি এসোসিয়েটস | ১,৭১,২৫৩/- " | বোর্ডের স্থানীয় আয় |
| (৭) | বনানী অফিসার্স কোয়ার্টার ও আজিজ পল্লীর উদয়ন বিল্ডিং এর সম্মুখস্থ ৪টি খেলনা স্থানান্তর করে সেনাপল্লীতে ২টি ও ৪৩ ইঞ্জিনিয়ার্স সংলগ্ন কোয়ার্টারের সম্মুখে ২টি পুনঃস্থাপন। | ৩০,০০০/- " | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিয়ার্স এন্ড কোং | ৩০,০০০/- " | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২, ৪, ৫ ও ৭ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে কার্যসম্পাদন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের সরকারী বাসভবনের (Free Furnished) জন্য ৬ সিটের একটি ডাইনিং টেবিল, ৬টি ডাইনিং চেয়ার, উন্নতমানের ১৫ পিস পর্দা, সোফার কাভার, ১২টি ডাইনিং প্লেট ও ১২টি গ্লাস ক্রয়ের নিমিত্তে ১,৫৯,৬০০/- টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর সরকারী বাসভবনের জন্য ৬ সিটের একটি ডাইনিং টেবিল, ৬টি ডাইনিং চেয়ার, ১৫ পিস পর্দা, সোফার কাভার, ১২টি ডাইনিং প্লেট ও ১২টি গ্লাস ক্রয়ের নিমিত্তে ১,৫৯,৬০০/- টাকার মূল্যানুমান অনুমোদনসহ বোর্ডের স্থানীয় আয় হতে ব্যয়ের অনুমোদন প্রদান করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ৪৯৭ নং প্লটে ডেভলোপার হিসেবে বাড়ী নির্মাণ করার জন্য প্লট মালিকের সাথে সেনা কল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলপমেন্টস লিঃ (এসকেসিডি) চুক্তিবদ্ধ হয়। সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির সিদ্ধান্ত মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ বাবদ ৩,৩৫,৫৫১/- টাকা পরিশোধে অব্যাহতি চেয়ে সেনাকল্যাণ কনস্ট্রাকশন এন্ড ডেভলপমেন্টস লিঃ (এসকেসিডি) গত ১১ ডিসেম্বর, ২০১২ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রচলিত নিয়ম অনুযায়ী রাস্তার ক্ষতিপূরণ আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচী-২০ঃ** সরু রাস্তায় কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের জন্য একটি মিনি ট্রাক ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত ট্রাক ক্রয়ের জন্য ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হতে পারে এবং উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা যাবে।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ময়লা-আবর্জনা সংগ্রহের জন্য অনেক সরু রাস্তায় বড় ট্রাক যেতে সমস্যা হয়। সুষ্ঠুভাবে কঞ্জারভেন্সী সার্ভিস প্রদানের নিমিত্তে একটি মিনি ট্রাক ক্রয়ের জন্য আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। পিপিআর এর বিধান মোতাবেক দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

**আলোচ্যসূচী-২১ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ০৫(পাঁচ)টি ট্রাকের জন্য ১০ সেট টায়ার-টিউব ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত টায়ার-টিউব ক্রয়ের জন্য আনুমানিক ৭৯,৫১০/- (ঊনআশি হাজার পাঁচশত দশ) টাকা ব্যয় হতে পারে।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী কাজে নিয়োজিত ০৫(পাঁচ)টি ট্রাকের জন্য ১০ সেট টায়ার-টিউব ক্রয়ের ৭৯,৫১০/- (ঊনআশি হাজার পাঁচশত দশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

**আলোচ্যসূচী-২২ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য KYOCERA-221 মডেলের ১টি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত ফটোকপিয়ার ক্রয়ের জন্য ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ব্যয় হবে।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বোর্ডের দাপ্তরিক কাজে গতিশীলতা আনার জন্য KYOCERA-221 মডেলের ১টি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের নিমিত্তে ১,৭৫,০০০/- (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। উল্লেখ্য যে, উক্ত ব্যয় বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

**আলোচ্যসূচী-২৩ঃ** মহাখালী ডিওএইচএস এর বিআইএস সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ডের খালি ভবনের নিচতলা ভাড়া প্রদানের জন্য মেজর (অবঃ) এস এম ফরহাদ হোসেন এর ১৭ ডিসেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টি আপাততঃ বিবেচনা করা হলো না।

**আলোচ্যসূচী-২৪ঃ** আর্মি কঞ্জারভেন্সী শাখায় দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মজুরীতে সম্পূর্ণ অস্থায়ীভাবে ০৪(চার) জন লোক নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে সেনানিবাসে সুষ্ঠুভাবে কঞ্জারভেন্সী সার্ভিস নিশ্চিত করার জন্য দৈনিক ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মজুরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৪(চার) জন দৈনিক শ্রমিক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, উক্ত শ্রমিকদের বেতন-ভাতা আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

**আলোচ্যসূচী-২৫ঃ** নির্মাণাধীন রজনীগন্ধা টাওয়ার এর অতিরিক্ত ০০কাজ এবং অত্যাবশ্যকীয় সংস্কারের জন্য পিপিআর ২০০৮ এর সংশ্লিষ্ট ধারার আলোকে সংশোধিত মূল্যানুমান ও ভ্যারিয়েশন অর্ডার প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনান্তে পিপিআর ২০০৮ এবং সংশ্লিষ্ট সংশোধনীর আলোকে ভ্যারিয়েশন অর্ডার আকারে কার্যাদেশ প্রদানের লক্ষ্যে ১৯,৬৪,৭৯,০০০/- (উনিশ কোটি চৌষট্টি লক্ষ উনআশি হাজার) টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামীর অর্থ হতে সংকুলান করতে হবে।

**আলোচ্যসূচী-২৬ঃ** গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর সিদ্ধান্তক্রমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনে ক্যান্টিন স্থাপন ও পরিচালনার বিষয়ে গঠিত কমিটির মতামত আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে গঠিত পর্ষদের সুপারিশ অনুযায়ী আবেদনকারী মেজর (অবঃ) এম কামরান হামিদ, পিএসসি-কে আগামী ০৫(পাঁচ) বছরের জন্য প্রস্তাবিত স্থান ইজারা গ্রহীতাকে নিজ খরচে সংস্কার ও মেরামত করার শর্তে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অফেরতযোগ্য সালামী, মাসিক ভাড়া, পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল পরিশোধ করার বিষয়গুলো আগামী সভায় নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

**আলোচ্যসূচী-২৭ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ঘর করার নিমিত্তে স্থান বরাদ্দের জন্য (১) জনাব মোঃ মনিরুজ্জামান (২) জনাব মোঃ দিদার আলম ও (৩) জনাব মোঃ মোজাম্মেল হক এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও রেভিনিউ অফিসার মার্কেটের স্থান নির্বাচন করবেন এবং সে মোতাবেক প্রস্তুতকৃত নকশা অনুসারে দোকান করার জন্য নির্ধারিত স্থান আগামী ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দোকানের সালামী ও ভাড়া আগামী সভায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৮ঃ বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএ এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য সোনালী ব্যাংক লিঃ এর ০৪ অক্টোবর, ২০১২ তারিখের এসবিএল/ডিসিসিবি/সংস্থাপন/২৫৫৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ডিওএইচএসসমূহে বসবাসকারী অধিকাংশ সামরিক কর্মকর্তাদের বেতন, অবসর ভাতা ও অন্যান্য আর্থিক লেনদেন সোনালী ব্যাংকের সাথে সম্পন্ন হয় বিধায় প্রতিটি ডিওএইচএস এলাকায় অন্তত একটি করে সোনালী ব্যাংকের এটিএম বুথ স্থাপনের বিষয়ে সভায় নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রতিটি ডিওএইচএস পরিষদ হতে আলাদাভাবে মতামত গ্রহণ করতে হবে। ডিওএইচএস পরিষদরে মতামত অনুযায়ী এটিএম বুথ স্থাপনের স্থান নির্বাচন করতে হবে। প্রস্তাবিত এটিএম বুথ স্থাপনের স্থানের সালামী, মাসিক ভাড়া ইত্যাদি আগামী বোর্ডসভায় নির্ধারণ করা হবে।

আলোচ্যসূচী-২৯ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৯টি দোকান ইজারার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার এর ৪৫ টি দোকান/ডাক্তার চেম্বার ইজারা প্রদানের নিমিত্তে জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৪/১২/২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক ০৯ টি দোকান/ডাক্তার চেম্বারের বিপরীতে দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরসমূহ দরপত্র যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্তভাবে অনুমোদনের সুপারিশ করা হয়েছে ঃ-

| ক্র/নং | দরদাতার নাম | দোকান নম্বর | আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর প্রতি বর্গফুট | মোট টাকা | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | সুরাইয়া বিনতে মাহবুব | ৩য়তলা-১১ | ১৩৬.৬৫ | ১৫,০০০/- | ১৫,৩০০/- | ২০.৯০,৭৪৫/- | ০১ টি |
| ২। | দিলরুবা খানম | ৩য়তলা-১২ | ১৩৬.৬৫ | ১৫,০০০/- | ১৫,৩০০/- | ২০,৯০,৭৪৫/- | ০১ টি |
| ৩। | মোঃ জিয়াউল হাসান | ৩য়তলা-২২ | ১৩৬.৬৫ | ১৫,০০০/- | ১৫,৬০০/- | ২১,৩১,৭৪০/- | ০২ টি |
| ৪। | ব্রিগেঃ জেনাঃ এম এ বাকী | ৪র্থ তলা-২৬ | ১৪৮.৫৯ | ১৪,৫০০/- | ১৬,০০০/- | ২৩,৭৭,৪৪০/- | ০২ টি |
| ৫। | জনাব মিজানুর রহমান | ৪র্থতলা-২৯ | ১০৩.৯৬ | ১৪,৫০০/- | ১৫,২৮৬/৮৬ | ১৫,৮৯,২২১/৯৭ | ০১ টি |
| ৬। | ডাঃ সুফিয়া আক্তার | ৫মতলা ডেন্টাল-১ | ২৪৪.৩৬ | ১৪,০০০/- | ১৪,৫০০/- | ৩৫,৪৩,২২০/- | ০১ টি |
| ৭। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আমজাদ হোসেন ফকির | ৬ষ্ঠতলা চেম্বার-৪ | ১২০.০০ | ১২,০০০/- | ১৭,০০০/- | ২০,৪০,০০০/- | ০১ টি |
| ৮। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আমজাদ হোসেন ফকির | ৬ষ্ঠতলা চেম্বার-৫ | ১২০.০০ | ১২,০০০/- | ১৭,৫০০/- | ২১,০০,০০০/- | ০১ টি |
| ৯। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আমজাদ হোসেন ফকির | ৬ষ্ঠতলা ল্যাবঃ-১ | ৩৮০.০০ | ১২,০০০/- | ১২,৫০০.০০ | ৪৭,৫০,০০০/- | ০১ টি |

উপরোক্ত দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩০ বিবিধ-১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/রেভিনিউ শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর জেনাঃ তারিক আহমেদ সিদ্দিক | ১২২/২ | বারিধারা ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | লেঃ কর্ণেল সাঈদ আহমেদ (অবঃ) | ৮৫০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (৩) | উইং কমান্ডার এ টি এম নজরুল ইসলাম (অবঃ) | ৮৬৫ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (৪) | ক্যাপ্টেন বশীর উদ্দিন আহমেদ | ৯১৮ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (৫) | লেঃ কর্ণেল মোঃ আলাউদ্দিন | ৯৯৪ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (৬) | ব্রিগেঃ জেনাঃ এমএইচএম দেলোয়ার হোসেন | ১০৯০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৭) | লেঃ কর্ণেল ফরহাদ আহমেদ, বিপি (অবঃ) | ১১১৫ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৮) | ব্রিগেঃ জেনাঃ কে এম সালজার হোসেন | ১২৭০ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (৯) | কর্ণেল আলমাস রাইসুল গণি | ১৩৩১ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (১০) | লেঃ কর্ণেল (অবঃ) হাজী রেজাউল কবির | ১৩৪৯ | মিরপুর ডিওএইচএস | -ঐ- | নতুন ০৭ তলা |
| (১১) | ক্যাপ্টেন মোঃ মোসলেম উদ্দিন, পিএসসি, বিএন (অবঃ) | ৭৫০ | মিরপুর ডিওএইচএস | অদ্যাবধি পাওয়া যায়নি | ০৬ তলার উপর ৭ম তলা |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-২ হতে ১০ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৯ টি প্লট এবং ক্রমিক নং-১ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ১টি প্লটসহ ১১টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো। অবশিষ্ট ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক ভেটিং বাবদ যাবতীয় খরচ প্লট মালিককে বহন করতে হবে। উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

৩০ বিবিধ-২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন পুকুর পাড়ে ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী স্টাফদের জন্য ডরমিটরী নির্মাণ। | ৫১,৯৬,৬৩৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন পুকুর পাড়ে প্যালাসাইডিংকরণ এবং রোড সাইডে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ৯,৯১,৬৬০/- টাকা | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমানসমূহ অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩০ বিবিধ-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের সরকারী বাসভবন মেরামত ও রং চুনার কাজ। | ৩,৯০,০৬৩/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ৩,৯০,০৬৩/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২) | শহীদ সরণির রোড ডিভাইডার, গ্রীল, রেলিং মেরামত, ট্রাফিক পোষ্টে স্টীকার স্থাপন ও রডের জালি উঁচুকরণ। | ৮৩,৭৩৯/- টাকা | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৮৩,৭৩৯/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের পার্শ্বে পাকা ডাস্টবিন নির্মাণ কাজ। | ৮২,৯৯১/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৮৬,৭২৫/- টাকা | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| (৪) | মিরপুর ডিওএইচএস এর ৪০ এবং ৪৪ নং রোডের মাটি ভরাট ও কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ৯,৯৯,৫৫৬/- টাকা | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৯,৯৯,৫৫৬/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৫) | মিরপুর ডিওএইচএস এর ২৮ নং রোডের মাটি ধরে রাখার জন্য সংলগ্ন নিচু ভরাটকরণ। | ৩,৩৭,০৮৮/- টাকা | মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং | ৩,৩৭,০৮৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ১, ২ ও ৩ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে কার্যসম্পাদন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৩০ বিবিধ-৪ ঃ গত ২৯ নভেম্বর, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬(৪৪) এর মাধ্যমে অনুমোদিত মূল্যানুমান নিম্নবর্ণিভাবে সংশোধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্‌, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪২ নং রোডের পাইপ ড্রেন (২-০˝ ডায়া) নির্মাণ কাজ (দৈর্ঘ্য- ৪৫০´)। | ১০,৫৬,৬৫৬/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩০ বিবিধ-৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ঘর করার নিমিত্তে স্থান বরাদ্দের জন্য জনাব মোঃ মোশারফ হোসেন এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী ও রেভিনিউ অফিসার মার্কেটের স্থান নির্বাচন করবেন এবং সে মোতাবেক প্রস্তুতকৃত নকশা অনুসারে দোকান করার জন্য নির্ধারিত স্থান আগামী ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দোকানের সালামী ও ভাড়া আগামী সভায় নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩০ বিবিধ-৬ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন ভবন ভাঙ্গার কাজ শুরু হওয়ায় ছাত্র-ছাত্রীদের চলাচলের জন্য বিকল্প রাস্তা নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পুরাতন ভবন ভাঙ্গার কাজ শুরু হওয়ায় জরুরী ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের চলাচলের জন্য বিকল্প রাস্তা নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত মূল্যানুমান প্রস্তুত করে মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

সভার শেষে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার চাকরি হতে অবসর গ্রহণ করায় তাঁকে বোর্ডের পক্ষ হতে বিদায় জানানো হয় এবং বিগত দিনে বোর্ডের প্রতি তাঁর অনবদ্য অবদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করা হয়। একই সাথে বোর্ডের নবাগত প্রেসিডেন্ট ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম-কে বরণ করা হয়।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০-১২-২০১২

**( মোঃ রেজাউল ইসলাম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট- 'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন সৈয়দ মকছুমুল হাকিম, (এনডি) এনসিসি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার<br>ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৪) | মেজর শেখ মঈনউদ্দিন, স্টেশন হেলথ অফিসার,<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতসল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |